গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**বিষয়: বাংলাদেশে নগর এলাকায় সিটি কর্পোরেশন, পৌরসভা কর্তৃক স্ব স্ব অধিক্ষেত্রে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদানকল্পে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/ বিভাগ ও সংস্থাসমূহের দায়িত্ব নির্ধারণের লক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব হেলালুদ্দীন আহমদ<br>সিনিয়র সচিব<br>স্থানীয় সরকার বিভাগ |
| সভার স্থান | : | স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষ |
| তারিখ ও সময় | : | ০৯ মার্চ ২০২১, বিকাল ০৩.০০-৪.০০টা |
| উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | **পরিশিষ্ট- 'ক'** |

**১। সভার আলোচনা:**

১.১ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। তিনি বলেন, বাংলাদেশে নগর এলাকায় প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানকল্পে সিটি কর্পোরেশন, পৌরসভাগুলোর সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে গত ২৭ ডিসেম্বর ২০২০ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র সভাপতিত্বে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রাথমিক পর্যায়ে দেশের সকল সিটি কর্পোরেশন ও সকল জেলা শহরের পৌরসভায় প্রাথমিক স্বাস্থ্য ও পুষ্টি সেবা প্রদান কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। পরবর্তীতে মাননীয় মন্ত্রী সকল সিটি কর্পোরেশনের পাশাপাশি সকল 'ক' শ্রেণীর পৌরসভায় প্রাথমিক স্বাস্থ্যসেবা কার্যক্রম শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন, সকল 'ক' শ্রেণীর পৌরসভায় প্রধান নির্বাহী কর্মকর্তা পদে সিনিয়র সহকারী কমিশনার/ সহকারী কমিশনার পর্যায়ের কর্মকর্তা পদায়নের জন্য এ পর্যায়ে জনপ্রশাসন মন্ত্রণালয়কে বর্তমানে অনুরোধ করা হবে। পাশাপাশি কর্মকর্তাদের বেতন ভাতাদি নির্বাহ করার প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হবে। তিনি এ পর্যায়ে সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের জন্য স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) এবং 'European Union Support to Health and Nutrition to the Poor in Urban Bangladesh' শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মেজবাহ উদ্দিন-কে আহ্বান জানান।

১.২ সভাপতির অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) এবং 'European Union Support to Health and Nutrition to the Poor in Urban Bangladesh' শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মেজবাহ উদ্দিন বলেন, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের দায়িত্ব/ কার্যাবলী নির্ধারণ সংক্রান্ত পরিপত্র/ অফিস আদেশ জারি করা প্রয়োজন। এ সম্পর্কিত একটি খসড়া পরিপত্র প্রস্তুত করা হয়েছে। আজকের সভায় প্রস্তাবিত খসড়ার বিষয়ে সকল মন্ত্রণালয়/ বিভাগের প্রতিনিধি মতামত গ্রহণ করা হবে।

১.৩ ড. মোঃ এনামুল হক (যুগ্মসচিব), স্বাস্থ্য সেবা বিভাগ ও উপ-প্রকল্প পরিচালক সভায় উল্লেখ করেন, গত ২৭ ডিসেম্বর ২০২০ তারিখে মাননীয় মন্ত্রী'র সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সিটি কর্পোরেশন ও পৌরসভায় চিকিৎসক, নার্স, টেকনোলজিস্ট-সহ সকল কারিগরি পদসমূহে জনবল পদায়ন করা প্রয়োজন। পাশাপাশি সিটি কর্পোরেশন ও পৌরসভাগুলোতে চিকিৎসক, নার্স, টেকনোলজিস্ট-সহ সকল কারিগরি পদে জনবল পদায়নের জন্য একটি 'মডেল জনবল কাঠামো' সৃজন করতে হবে। পদসমূহ সৃজন না হওয়া পর্যন্ত স্বাস্থ্য সেবা বিভাগ হতে সংযুক্তিতে পাইলট ভিত্তিতে পর্যায়ক্রমে বিভিন্ন সিটি কর্পোরেশন ও পৌরসভায় চিকিৎসক, নার্স-সহ কারিগরি পদসমূহে জনবল পদায়ন করা প্রয়োজন। সকল অ-কারিগরি পদের কর্মচারীদের বেতন ভাতাদি সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন ও পৌরসভা হতে নির্বাহ করা হবে। সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন ও পৌরসভা কর্তৃক স্বাস্থ্য সেবা প্রদানের অনুকূলে অবকাঠামোগত উন্নয়ন ও লজিস্টিক সহায়তা প্রদান করতে হবে।

১.৪ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ শাহ্ আলম বলেন, নগর এলাকায় মা ও শিশু স্বাস্থ্যসেবা প্রদানকল্পে ইউনিয়ন পর্যায়ের 'পরিবার কল্যাণ কেন্দ্র'-এর ন্যায় সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহে ওয়ার্ডভিত্তিক মা ও শিশু স্বাস্থ্যসেবা কেন্দ্র বা হাসপাতাল প্রতিষ্ঠা করতে হবে। হাসপাতালসমূহে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের নির্ধারিত কাঠামো অনুযায়ী জনবল নির্ধারণ করতে হবে।

১.৫ স্বাস্থ্য সেবা বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ হেলাল উদ্দিন বলেন, নগর এলাকায় প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান নিশ্চিত করার জন্য তাঁর বিভাগ সর্বাত্মক সহযোগিতা করবে। তবে সিটি কর্পোরেশন ও পৌরসভায় জনবল কাঠামো সৃজনের বিষয়টি তাঁর বিভাগের এখতিয়ার এর মধ্যে নয়। এছাড়া, স্বাস্থ্য সেবা বিভাগ হতে সিটি কর্পোরেশন ও পৌরসভায় জনবল পদায়নের বিষয়টি তাঁর মন্ত্রণালয়ের Allocation of Business এর সাথে সঙ্গতিপূর্ণ হবে না। তিনি আরও বলেন, সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহের শ্রেণী, আয়তন, জনসংখ্যা অনুযায়ী পৃথক পৃথক শ্রেণীর সাংগঠনিক কাঠামো ও জনবল কাঠামো নির্ধারণ করতে হবে। রাজধানী ঢাকা, চট্টগ্রাম মহানগরীসহ জনবহুল নগরীসমূহে সিটি কর্পোরেশন/ পৌরসভাসমূহের পরিচালনায় বিভিন্ন ডিসপেন্সারি প্রতিষ্ঠা করতে হবে। এ সকল কাজে স্বাস্থ্য সেবা বিভাগে সর্বাত্মক সহযোগিতা থাকবে।

১.৬ জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মোহাম্মদ শফিউল আরিফ বলেন, তিনি মাঠ পর্যায়ে কর্মকালীন সময়ে দেখেছেন, পৌর এলাকায় জাতীয় কর্মসূচিসহ সকল স্বাস্থ্য সেবা কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে স্বাস্থ্য সেবা বিভাগের সাথে পৌরসভাসমূহ একত্রে কাজ করে আসছে। এ স্বাস্থ্য সেবা প্রদানের ক্ষেত্রে জনস্বার্থে পৌরসভাসমূহের সক্ষমতা বৃদ্ধি করা প্রয়োজন।

১.৭ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এ বি এম আমিন উল্লাহ নূরী (অতিরিক্ত সচিব) বলেন, কোভিড-১৯ মহামারি মোকাবেলার সময় ঢাকা মহানগরীতে শুধুমাত্র ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পক্ষে সকলকে স্বাস্থ্য সেবা প্রদান করা সম্ভব হয়নি। এক্ষেত্রে সিটি কর্পোরেশনসমূহ পরিচালিত হাসপাতাল ও স্বাস্থ্য সেবা কেন্দ্রসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ফলে জনস্বার্থে সিটি কর্পোরেশন/ পৌরসভাসমূহের সক্ষমতা বৃদ্ধি করা অত্যন্ত প্রয়োজন।

১.৮ Mr. J P Misra, Team Leader, EUTA, 'European Union Support to Health and Nutrition to the Poor in Urban Bangladesh' বলেন, স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক প্রণীত National Urban Health Strategy 2020 এর ৯.২ (iii)-এ উল্লেখ রয়েছে, "LGD to initiate the process of transferring posts of physicians and nurses of the facilities belong to different city corporations and posts of physicians belong to city corporations and municipalities to the DGHS and DGNM in collaboration with the MOHFW." বাংলাদেশে নগর এলাকায় প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদানকল্পে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/ বিভাগ ও সংস্থাসমূহের Role Delineation-এর সুপারিশ প্রণয়নের জন্য গঠিত আন্তঃমন্ত্রণালয় টাস্কফোর্স সংশ্লিষ্ট সকলের মতামত পর্যালোচনা করে চূড়ান্ত সুপারিশ দাখিল করে। সিটি কর্পোরেশন/ পৌরসভাসমূহে চিকিৎসক/ নার্সসহ কারিগরি জনবল পদায়নের বিষয়ে National Urban Health Strategy 2020 এবং টাস্কফোর্সের সুপারিশসমূহের মিল রয়েছে। মাননীয় মন্ত্রী'র সভাপতিত্বে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় সকল সিটি কর্পোরেশন ও বৃহৎ পৌরসভাসমূহে প্রাথমিক স্বাস্থ্য ও পুষ্টি সেবা প্রদান কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রকল্পের অন্যতম প্রধান কম্পোনেন্ট পূরণকল্পে প্রকল্প মেয়াদকালীন সময়ের মধ্যে আগামী ৩১ মার্চ ২০২১ এর মধ্যে যথাযথ অনুমোদনক্রমে স্বাস্থ্য সেবা প্রদানকল্পে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/ বিভাগ ও সংস্থাসমূহের Role Delineation-সম্পর্কিত পরিপত্র/ আদেশ জারি করা অত্যন্ত প্রয়োজন। তিনি সভায় উপস্থাপিত খসড়া পরিপত্রের ওপর মতামত প্রদানের সকলকে অনুরোধ করেন। সকলের মতামতের আলোকে শীঘ্রই পরিপত্রটি জারি করা যেতে পারে। তিনি আরও বলেন, এক্ষেত্রে ভবিষ্যতে নগর স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রমে কোন নীতিকৌশল বাস্তবায়নের প্রয়োজন হলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক গঠিত Urban Health Co-ordination Committee এবং Urban Health Working Group এর মাধ্যমে তা বাস্তবায়ন করা সম্ভব হবে।

১.৯ স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব (নগর উন্নয়ন-১) জনাব মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী বলেন, নগর এলাকায় প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহের স্বাস্থ্যসেবা অবকাঠামো উন্নয়ন এবং জনবল সৃজন করা অত্যন্ত প্রয়োজন। Urban Primary Health Care Services Delivery Project এর অধীনেও সকল সিটি কর্পোরেশন এবং বিভিন্ন পৌরসভায় মোট ২৮টি ৬তলা বিশিষ্ট নগর মাতৃসদন ও ১৫৩টি ৩ তলা বিশিষ্ট নগর স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ করা হয়েছে। প্রকল্পটি আগামী ২০২৩ সালে সমাপ্ত হবে। এ নগর মাতৃসদন ও স্বাস্থ্যকেন্দ্রসমূহ সিটি কর্পোরেশন ও পৌরসভার অনুকূলে হস্তান্তর এবং পরিচালনার লক্ষ্যে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন ও পৌরসভার জনবল কাঠামো হালনাগাদ করা প্রয়োজন। স্থানীয় সরকার বিভাগের সাংগঠনিক কাঠামোতে বর্তমানে নগর উন্নয়ন-৩ অধিশাখা রয়েছে। এ অধিশাখার অধীনে শাখাসমূহে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে।

১.১০ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ব্রিগেঃ জেনাঃ মোঃ জোবায়দুর রহমান বলেন, বাংলাদেশে মোট জনসংখ্যার প্রায় ৩৮% জনগণ নগর এলাকায় বাস করেন। এ বিপুল জনসংখ্যাকে স্বাস্থ্য সেবা প্রদানকল্পে সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহে ওয়ার্ডভিত্তিক সাংগঠনিক কাঠামো প্রণয়ন করে সক্ষমতা বৃদ্ধি করা প্রয়োজন।

১.১১ স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব (নগর উন্নয়ন-২) সায়লা ফারজানা বলেন, সকল পৌরসভার স্বাস্থ্য শাখায় বিদ্যমান চিকিৎসক, নার্স ও সহায়ক জনবলের সংখ্যা খুবই নগন্য। যুগোপযোগী স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা প্রদানের লক্ষ্যে সকল পৌরসভার স্বাস্থ্য শাখার জনবল কাঠামো হালনাগাদ করা হবে।

১.১২ সভাপতি ও স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব জনাব হেলালুদ্দীন আহমদ বলেন, নগর এলাকায় জনগণকে বিশ্বমানের স্বাস্থ্যসেবা প্রদান নিশ্চিত করার জন্য বর্তমান সরকার প্রয়োজনীয় সকল কাজ করে যাবে। স্থানীয় সরকার বিভাগের নগর উন্নয়ন-৩ অধিশাখার মাধ্যমে সিটি কর্পোরেশন ও পৌরসভা এলাকায় স্বাস্থ্য সেবা প্রদান সম্পর্কিত যাবতীয় কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এ লক্ষ্যে প্রয়োজনীয় জনবল সৃজন করা হবে। বর্তমানে নগর এলাকায় প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রম শুরু করার উদ্দেশ্যে সভায় উপস্থাপিত খসড়া পরিপত্রটি সভায় প্রাপ্ত মতামত/ সুপারিশসমূহের আলোকে সংশোধনপূর্বক জারি করা হবে।

**২. সভার সিদ্ধান্ত:**

সভায় সকলের বক্তব্য গ্রহণ শেষে সভাপতি সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত প্রদান করেন:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়কারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহের অধিক্ষেত্রে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদানকল্পে যুগোপযোগী জনবল কাঠামো সৃজনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহের শ্রেণী, আয়তন, জনসংখ্যা অনুযায়ী জনবল কাঠামো নির্ধারণ এবং প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন করতে হবে। | ১. স্থানীয় সরকার বিভাগ,<br>২. সিটি কর্পোরেশন (সকল)<br>৩. পৌরসভাসমূহ (সকল) |
| ২. | বর্তমানে নগর এলাকায় প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রম শুরু করার উদ্দেশ্যে সভায় উপস্থাপিত খসড়া পরিপত্রটি সভায় প্রাপ্ত মতামত/ সুপারিশসমূহের আলোকে সংশোধনপূর্বক জারি করা হবে। | স্থানীয় সরকার বিভাগ |

৩. সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/৩/২০২০

হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.১৪.০০১.১৫(অংশ-১)-২৮৪/১(২০)

তারিখ: ০২ চৈত্র ১৪২৭ / ১৬ মার্চ ২০২১

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩. সচিব,স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, ........................................................... সিটি কর্পোরেশন (সকল)
৯. প্রকল্প পরিচালক, European Union (EU) Support to Health and Nutrition to the Poor in Urban Bangladesh শীর্ষক প্রকল্প।
১০. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/ নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. উপসচিব (সিটি কর্পোরেশন-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. মেয়র, ..............................................................................., পৌরসভা (সকল)
১৩. সিনিয়র সচিবের একান্ত সচিব,স্থানীয় সরকার বিভাগ।
১৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা (**এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল**)।
১৫. অফিস কপি।

১৬.০৩.২০২১

নুমেরী জামান
উপসচিব
ফোনঃ ৯৫৭৩৬২৫
ই-মেইলঃ lgcc1@lgd.gov.bd